তারিখ 19 APR 2003
পৃষ্ঠা ৭ কলাম ৩

দৈনিক
ইনকিলাব

# লক্ষ্মীপুরে প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষায় ১ ভুয়া পরীক্ষার্থী গ্রেফতার : বহিষ্কার ১০

**লক্ষ্মীপুর জেলা সংবাদদাতা :** সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে লক্ষ্মীপুরে গতকাল, ১০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এছাড়া পরীক্ষার হলে প্রক্সি দিতে গেলে আরেকজনকে জেলহাজতে প্রেরণ করা হয়েছে।

জানা গেছে, এডিবি'র প্রজেক্টের আওতায় জেলার বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগের গতকালের লিখিত পরীক্ষায় লক্ষ্মীপুর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে আরেকজনের হয়ে পরীক্ষা দিতে এসে আলী মুর্তজা নামের একজন গ্রেফতার হয়ে জেলহাজতে রয়েছে।